তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৭ ......
NOV. 30 2002

# মাদ্রাসা ছাত্ররা ঢাবি'র আইন বিভাগে ভর্তি হতে পারবে না

## কর্তৃপক্ষের সিদ্ধান্তে ক্যাম্পাসে বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগকে 'ঘ' ইউনিটের অধীনে নেয়ার ফলে মাদ্রাসা বোর্ড থেকে পাস করা ছাত্রছাত্রীরা এখন থেকে 'এ' বিভাগে আর ভর্তি হতে পারবে না। কলা অনুষদের আরও কয়েকটি বিভাগে এর আগে মাদ্রাসা ছাত্রদের ভর্তিতে অলিখিত নিষেধাজ্ঞা রয়েছে। ঢাবি'র 'ঘ' ইউনিটে ভর্তির আবেদনের যোগ্যতার অন্যতম হচ্ছে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা ও ইংরেজিতে ৪০০ নম্বরের মধ্যে ২০০ নম্বর পেতে হবে। কিন্তু মাদ্রাসা ছাত্রছাত্রীরা উচ্চ মাধ্যমিকে পড়েই ২০০ নম্বরের কোর্স। ভর্তি পরীক্ষা কমিটি সূত্র জানায়, আইন বিভাগের আবেদনের পরিপ্রেক্ষিতে মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগ থেকে

আইন- পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

### আইন : মাদ্রাসা ছাত্র

(৩য় পৃষ্ঠার পর)

ভাল ছাত্র না পাওয়ার কারণে এই বিভাগকে 'ঘ' ইউনিটে নিয়ে আসা হয়েছে। 'ঘ' ইউনিটে সাধারণত মানবিক, সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ থেকে পাস করা ছাত্রছাত্রীরা ভর্তির আবেদন করে। এ ইউনিটে শুধু মাদ্রাসা ছাত্ররা আবেদন করতে পারে না। মাদ্রাসার ছাত্ররা অভিযোগ করেছে, কৌশলে কর্তৃপক্ষ মাদ্রাসা থেকে পাস করা ছাত্রছাত্রীদের বঞ্চিত করতেই এ ধরনের সিদ্ধান্ত নিয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, মাদ্রাসা বোর্ড থেকে পাস করা ছাত্রছাত্রী যারা ঢাবিতে ভর্তির আবেদন করে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয় তাদের অধিকাংশই বাংলা ও ইংরেজি বিভাগে ভর্তির সুযোগ না পেয়ে আইন বিভাগে ভর্তি হয়। বাংলা ও ইংরেজি বিভাগে বিগত কয়েক বছর যাবত মাদ্রাসা বোর্ডের ছাত্রদের ভর্তি করা হয় না বলে জানা গেছে।

এদিকে কর্তৃপক্ষের এই সিদ্ধান্তের প্রতিবাদে ঢাবিতে অধ্যয়নরত মাদ্রাসা ছাত্রছাত্রীরা গত সপ্তাহে দু'দিন ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে এবং উপাচার্য এসএমএ ফায়েজকে স্মারকলিপি দিয়েছে। তাদের দাবি হচ্ছে 'ঘ' ইউনিট থেকে আইন বিভাগকে 'খ' ইউনিটে নিয়ে আসতে হবে। না হলে 'ঘ' ইউনিটে ২০০ নম্বরের শর্ত শিথিল করতে হবে। জানা গেছে, কোন কার্যকরী পদক্ষেপ ছাড়াই কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন করেছে। ওদিকে আন্দোলনকারীরা একই দাবিতে আগামীকাল ক্যাম্পাসে আবার বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে।